ব্যাঙের সর্দি – বিচিত্র কুমার

হোলা ব্যাঙের সর্দি
মাসি বলে আর কাঁদে,
কোথায় পাবে বৈদ্য
ছেলেটা পড়েছে মৃত্যু ফাঁদে।

তোরা কে কোথায় আসিস
আয় তো দেখে যা,
সারাদিন হাঁচি ফেলছে
জ্বরে পুড়ে যায় গা।

তাই না শুনে ট্যাংরা পুঁটি
মিসকি মিসকি হাসে,
জলের ভিতর হোলা ব্যাঙ
বুড়োর মতো কাশে।

দুপচাঁচিয়া,বগুড়া।

ব্যাঙ ডাকে -রাজীব হাসান

ঘেঙর ঘেঙর ব্যাঙ ডাকে
ঝোপের আড়ালে
জলের তলে টুপ করে ডুব
দেয় পা বাড়ালে।

বর্ষাকালে ব্যাঙের রানী
করে লাফালাফি
ডোবার জলে ডুবে ডুবে ডাঙায় উঠে ঝাপি।

বর্ষার জল গায়ে মাখিয়ে ডাকে ঘেঙর ঘ্যাঙ
হঠাৎ করে লাফিয়ে উঠে

একটা কোলা ব্যাঙ।

বর্ষার ছড়া – বিচিত্র কুমার

মেঘলা আকাশ সকাল দুপুর
বৃষ্টি পরে টাপুরটুপুর,
একলা বসে ঘরের কোণে
হাজার স্মৃতি পড়ে মনে।

রিমঝিম বর্ষা দিনে
কথা হয় বৃষ্টির সনে, কদম ফুল হাসে
কলমিলতা ভাসে।

ছেলেরা সব ভাসায় ভেলা
জলের উপর করে খেলা,
মেয়েদের সখ পুতুল খেলা
আনন্দতে কাটে বেলা।

ভালোবাসার প্রতিবিম্ব – বারী সুমন

কদমের পরাগে ভালোবাসার অনুরাগ
টিপটিপ বৃষ্টিতে অবিরাম অভিমানেরা
চুইয়ে চুইয়ে পরে, জলের ভেতর
ভালোবাসার আরেক প্রতিবিম্ব।
আষাঢ়ী সন্ধ্যায় হঠাৎ হঠাৎ
মায়াবী জোছনা, শুকতারার লুকোচুরি,

মধ্যরাতের বিহঙ্গের মতো
খেয়ালি সুরে ডেকে যায়
রাখালিয়ার হাতের বাঁশরি।

আষাঢ়ের ব্যথাভার – নাসরীন জামান

আষাঢ়ের সারারাত আঁধারের কোলে
আকাশের ভেজা চোখে কার ছবি দোলে?
কার কথা মনে করে কাঁদে অবিরত?
কার ছবি চোখে ধরে বুকে বাড়ে ক্ষত?

আকাশের বুকে আজ বিরহের মালা
কালো চোখে ঝরে তাই বিষাদের জ্বালা। ঝরে যায় পড়ে যায় সবুজের বুকে
বয়ে যায় নদী হয়ে সোঁদা মাটি শুঁকে।

আষাঢ়ের মেঘরাজি বেগবান ছোটে
তাকে দেখে কদমের ফুলকলি ফোটে।
ফোটে জুঁই দো-পাটির দু’ঠোঁটের হাসি আর ফোটে সবুজাভ মায়া রাশি রাশি।

আষাঢ়ের সারা মাস কারা যেন এসে
আকাশের বুকে বাস করে ভালোবেসে।
মিঠে জলে ঝরে তাই সেই ভালোবাসা তৃষিতের বুকে জাগে মন ভেজা আশা।

আকাশের বুকে ভাসে জল ভরা নদী নিমেষেই ঝরে পড়ে টোকা মারো যদি ঝরে পড়ে সুর তুলে ঝুরঝুর জলে ঝরে পড়ে ব্যথাভার মেঘ গলে গলে।

[illegible] - [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] - [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible],
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]

রিমঝিম বৃষ্টি টুপটাপ ফোঁটা
বাবল উঠে জলে,
ভালোবাসা মাখামাখি
থইথই ছলেবলে।

বৃষ্টি আসুক – আহমাদ কাউসার

বৃষ্টি আসুক বৃষ্টি নামুক
আসুক সবুজ গায়ে
মেঘ বালিকা নেচে উঠুক
নুপুর দিয়ে পায়ে।
জেগে উঠুক সবুজ পাতা
হাসুক কদম ফুল
জলের পিঠে ঢেউ খেলে যাক কলমি লতায় দুল।
উঠোন জুড়ে বান বয়ে যাক বৃষ্টি ফোটা জলে
ডানা মেলে করে খেলা
দেখবো হাসের দলে।
বৃষ্টি আসুক বৃষ্টি নামুক
বইচি বনের পরে
সব কোলাহল থেমে পাখি
থাকুুক আপন ঘরে।

নারী – এম.আবু বকর সিদ্দিক

নারীবাদী নারীগণে পুুরুষ সেজে চলে,
নারীঅধিকারের নামে ভক্ত কথা বলে।
নারীর জন্য কান্না ওদের নিছক অভিনয়,

মূলে ওরা নারীর মতো চলতে রাজি নয়।
ধর্ম ওদের গাত্রদাহ নাস্তিকতায় সুখ, পরপুরুষের সাথে ঘুরে কাটে মনের দুঃখ । নারীদের চিরঐতিহ্য মাথায় লম্বা চুল, পুরুষের রূপ ধারণ করে করছে ওরা ভুল । নারীর দেহে ভিন্ন শোভা সৃষ্টিকর্তার দান, দেহের শোভা আলগা করে হারাচ্ছে সম্মান । “নারী-পুরুষ উভয় সমান” সকল ক্ষেত্র নয়, অসংখ্য পার্থক্য নিয়ে কিভাবে এক হয় ? নারীগণই জননী হন পুরুষের নেই সাধ্য, পুরুষেরা চিরদিনই জনক হতে বাধ্য ।
নারী ধর্ষণ শিশু ধর্ষণ বাড়ছে কেন বলো ? নারী তোমার সৌন্দর্য আড়াল করে চলো । এ্যাসিডদগ্ধ, অপমৃত্যু ঘটছে নিত্য দিন, নারী তুমি হয়ো নাকো শালীনতাহীন । পুকুর,ডোবা,নালায় কেন ভাসে নারীর লাশ ?
যৌনোস্কানির সংস্কৃতি জাতির সর্বনাশ ।
দেহ ভিন্ন, কন্ঠ ভিন্ন, ভিন্ন নারীর চিন্হ,
নর-নারীর চলাফেরার অঙ্গণ হবে ভিন্ন ।
নারীর সম্মান অধিকতর নারী মায়ের জাত,
মা জননীর পদতলে সন্তানের জান্নাত ।

জামাইবাবু – মোঃ আতিকুর রহমান

জ্যৈষ্ঠ মাসে জামাই আসে
কাঁঠাল হাতে ওই
শ্বশুর ঘরে আছে আরও
মুড়ি চিড়া খই।

শ্বশুরবাড়ি ঢুকলো জামাই
মুচকি হাসি মুখ

ছুটে এলো শালা শালি
আরও কত লোক।

বউ হেঁসেলে ব্যস্ত রাঁধায় কোরমা পোলাও রোস্ট জামাইবাবু সেলফি তুলে ফেবুতে দেয় পোস্ট